

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
সিস্টেম ও প্রশিক্ষণ



www.doict.gov.bd

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৭.৩১.০০১.১৯.৩৭

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৮

২২ মে ২০২১

বিষয়: অধিদপ্তরের বাতায়ন (www.doict.gov.bd) এ তথ্য হালনাগাদ সম্পর্কিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়নের নিমিত্ত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে জাতীয় তথ্য বাতায়ন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তারই ধারাবাহিকতায় আইসিটি অধিদপ্তরের তথ্য বাতায়নের সামগ্রিক তথ্য অত্র দপ্তরের কর্মকর্তাগণের জন্য এবং সার্বিক ভাবে জনগণের জন্য সুচারুরূপে উপস্থাপন করা আছে। তবে অধিদপ্তরের কর্মকর্তাগণ দাপ্তরিক কাজে বদলি, সংযুক্তি, অতিরিক্ত দায়িত্ব প্রভৃতি কারণে তথ্যের হালনাগাদ অনিবার্য হয়ে পড়ে এবং সেই সমস্ত তথ্য হালনাগাদও করা হয়। এ ছাড়াও ওয়েব পোর্টালের আবশ্যিক সেবা বন্ধ সমূহ, প্রকল্প সংশ্লিষ্ট তথ্য সমূহ সহ আরো অনেক তথ্য হালনাগাদের প্রয়োজন হয় এবং তা নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে।

২। তথ্য বাতায়নে তথ্যের অসংগতির কারণে সাধারণ জনগণ সেবা পেতে এবং দাপ্তরিক কাজে বিড়ম্বনা হতে পারে। তাই আইসিটি অধিদপ্তরের ওয়েবপোর্টালে তথ্যে অসংগতি, তথ্য না থাকা এবং বিশেষ করে কর্মকর্তা ও কর্মচারীদের দাপ্তরিক তথ্যে অসংগতি থাকলে তা সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই উদ্যোগের অংশ হিসেবে অধিদপ্তরের কর্মকর্তাগণের তথ্য, কর্মকর্তার দপ্তর/শাখা/প্রকল্পের তথ্য সহ ওয়েব পোর্টাল সম্পর্কিত যেকোন তথ্যের অসংগতি থাকলে তা অধিদপ্তরের ওয়েবসাইট অ্যাডমিনিস্ট্রেটর এর ইমেইল ঠিকানা almas.hossain@doict.gov.bd এ (প্রয়োজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস আদেশ, রেফারেন্স সহ) আগামী ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

২২-৫-২০২১

এ. বি. এম. আরশাদ হোসেন

মহাপরিচালক

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২

ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২

ইমেইল: dg@doict.gov.bd

বিতরণ :

- ১) আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তাগণ
- ২) প্রোগ্রামার (জেলা) সকল
- ৩) সহকারী প্রোগ্রামার (উপজেলা) সকল

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৭.৩১.০০১.১৯.৩৭/১(৩)

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৮

২২ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৩) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



২২-৫-২০২১

মোহাঃ মাসুম বিল্লাহ
সিস্টেম ম্যানেজার